Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 25 June, 2025

জামালপুরের বকশীগঞ্জে এলজিইডির রাস্তার উন্নয়ন কাজে অনিয়স ও নকশা বহির্ভূতভাবে কাজ চলমান রাখায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

২৩ জুন বকশীগঞ্জ ইউএনও বরাবর লিখিত দায়ের করেন বগারচর ইউনিয়নের নয়াপাড়া এলাকার ছাইদুর রহমান নামে এক ব্যক্তি। এলাকাবাসীর পক্ষে তিনি লিখিত অভিযোগটি দায়ের করেন।ওই দিন বিকালেই রাস্তায় অনিয়মের প্রতিবাদে বিক্ষোভ প্রদর্শন করে স্থানীয় নয়াপাড়া এলাকার লোকজন।

লিখিত অভিযোগে ছাইদুর রহমান উল্লেখ্য করেন, নয়াপাড়া নাড্ডার বাজার থেকে উত্তর নয়াপাড়া ফটকের মোড় পর্যন্ত ১২ শ মিটার পাকা রাস্তার উন্নয়ন কাজ নতুন করে করা হচ্ছে।এলজিইডির এই রাস্তার কাজ করছেন ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তোতা এন্টারপ্রাইজ।ঠিকাদারী প্রতিষ্ঠান তোতা এন্টারপ্রাইজ কাজ পাওয়ার পর আধুনিক মানের করার লক্ষ্যে ইউনি ব□কের কাজ শুরু করেন।

কিন্তু রাস্তাটিতে ইউনি ব□কের কাজ শুরুর পর অনিয়মের অভিযোগ তুলেন এলাকাবাসী।লিখিত অভিযোগে জানা যায়, রাস্তাটির শিডিউল মোতাবেক কাজ না করে নি□□মাণের সামগ্রী দিয়ে কাজ করা হচ্ছে।

ছাইদুর রহমানের অভিযোগ, রাস্তাটির দুই পাশে প্যারাসাইটিং ওয়াল নির্মাণের কথা থাকলেও তা ইচ্ছাকৃতভাবে এড়িয়ে যাওয়া হয়েছে।অথচ এই দেয়াল গুলো এলাকাবাসীর জানমাল রক্ষা ও রাস্তার টেকসই নিরাপত্তার জন্য অত্যন্ত জরুরী।

এলাকাবাসীর পক্ষে ছাইদুর রহমান, নকশা অনুযায়ী রাস্তার কাজ বাস্তবায়ন করা, রাস্তার দু পাশে প্যারাসাইটিং ওয়াল নির্মাণ করা, ঠিকাদার অনিয়ম করলে তার কার্যাদেশ বাতিল করা এবং সরেজমিনে বকশীগঞ্জ ইউএনওকে পরিদর্শন করার অনুরোধ করেন।

অনিয়মের বিষয়ে ঠিকাদার রবিউল হাসান তোতা বলেন, স্টিমেটে যা ধরা আছে সেভাবেই কাজ করা হচ্ছে।রাস্তার কাজে কোন অনিয়ম হচ্ছে না।

এলজিইডির উপজেলা প্রকৌশলী মো. শামছুল হক জানান, যারা অভিযোগ দিয়েছেন তারা না বুঝেই অভিযোগ দায়ের করেছেন।শিডিউলের বাইরে ঠিকাদারের কাজ করার সুযোগ নেই।

লিখিত অভিযোগ পেয়ে বুধবার (২৫ জুন) দুপুরে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. মাসুদ রানা ও উপজেলা প্রকৌশলী মো. শামছুল হক রাস্তাটির কাজ পরিদর্শন করেছেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:45

URL: https://www.timestodaybd.com/across-the-country/8449873709